# রপ্তানি সংশ্লিষ্ট সংস্থা ও সমিতির সেবা

**কৃষি বিপণন অধিদপ্তর (DAM):**

- বাংলাদেশে উৎপাদিত কৃষিপণ্যের বাজার সম্প্রসারণের জন্য আন্তর্জাতিক নতুন নতুন বাজার অনুসন্ধান করা;
- বাংলাদেশের উৎপাদিত কৃষিপণ্য এবং তা থেকে প্রক্রিয়াজাত কৃষিপণ্যের রপ্তানি বৃদ্ধির জন্য অর্থনৈতিক ও কূটনৈতিক সম্পর্ক জোরদার করা;
- বিদেশি কৃষিপণ্যের চাহিদা সংক্রান্ত মার্কেট ইনটেলিজেন্স সম্পর্কিত তথ্য, প্রতিযোগিতামূলক মূল্য, বাজার সম্প্রসারণ, বাংলাদেশি পণ্যের ব্র্যান্ডিং উন্নয়ন, উচ্চতর মূল্য প্রাপ্তি ইত্যাদি ক্ষেত্রে উৎপাদনকারী ও রপ্তানিকারকদেরকে সহায়তা প্রদান করার জন্য প্রাতিষ্ঠানিক সক্ষমতা বৃদ্ধি করা;
- কৃষিপণ্যের আন্তর্জাতিক বাজার সম্প্রসারণের জন্য সরকারি-বেসরকারি বিভিন্ন প্রতিষ্ঠানের সাথে কৃষি বিপণন অধিদপ্তরের সমন্বয় বৃদ্ধি করা;
- পরিবেশবান্ধব পদ্ধতিতে উৎপাদিত নিরাপদ, জৈব কৃষি ও কৃষিজাত পণ্যের দেশীয় ও আন্তর্জাতিক বাজার বিস্তারে উদ্যোগ গ্রহণ করা;
- ফুল, ফল এবং শাকসবজিসহ পঁচনশীল কৃষিপণ্য রপ্তানিতে বেসরকারি বিনিয়োগকে উৎসাহিত করা;
- স্থানীয় কৃষি ব্যবসায়ের স্বার্থ সংরক্ষণে প্রয়োজনে বিশেষ কোনো পণ্যের আমদানি নিয়ন্ত্রণ বা নীতির মধ্যে আনয়ন এবং আমদানি নির্ভরতা কমাতে বিশেষ কোনো পণ্যের উৎপাদন বা বিকল্প পণ্যের উৎপাদন বৃদ্ধির উদ্যোগ গ্রহণ করা;
- কোনো কৃষিপণ্য আমদানি/রপ্তানির ক্ষেত্রে সেই পণ্যের প্রকৃত উৎপাদনকারী বা সরবরাহকারী দেশের পূর্ণাঙ্গ তথ্য নিশ্চিত করা;
- আমদানি ও রপ্তানিকৃত বিভিন্ন কৃষিপণ্যের গুণগতমান নিয়ন্ত্রণে দেশি বিদেশি সংশ্লিষ্ট মানদন্ড অনুসরণ ও নিশ্চিতকরণের ব্যবস্থা করা;
- কৃষিপণ্য রপ্তানির জন্য বিভিন্ন পণ্যের পরীক্ষা সম্পর্কিত তথ্য, আন্তর্জাতিক গুণগত মানদন্ড, পরীক্ষণ ও মেশিনের যোগ্যতার মানদন্ড, মেশিনসমূহের রক্ষণাবেক্ষণ ও বর্তমান পরিস্থিতি ইত্যাদি তথ্য ওয়েবভিত্তিক করা;
- কৃষিপণ্যের আমদানি-রপ্তানির ক্ষেত্রে গুণগত মান নিশ্চিত করার জন্য সংশ্লিষ্ট দেশের চাহিদা অনুযায়ী আন্তর্জাতিকভাবে স্বীকৃত সার্টিফিকেশন ব্যবস্থা জোরদার করা এবং প্রযোজ্য ক্ষেত্রে হালাল সার্টিফিকেশনের ব্যবস্থা ও হালাল ব্র্যান্ডিং জোরদার করা;
- রপ্তানিযোগ্য কৃষিপণ্যের ক্ষেত্রে বিমানবন্দর, স্থলবন্দর, নৌবন্দরে গুণগতমান বজায় রেখে পণ্য পরিবহণে সহায়তা করা;
- কৃষিপণ্য রপ্তানিতে আন্তর্জাতিক প্রতিযোগিতায় শক্তিশালী হওয়ার জন্য কৃষিপণ্য প্রক্রিয়াজতকরণে ব্যবহৃত যন্ত্রপাতি আমদানির ক্ষেত্রে সহজ শর্তে ঋণ প্রাপ্তি এবং আমদানির ক্ষেত্রে শুল্ক সুবিধাসহ অন্যান্য সুযোগ বাড়ানোর উদ্যোগ গ্রহণ করা
- স্থল, নৌ এবং আকাশপথে কৃষি ও কৃষিজাত পণ্য ও উপকরণ আমদানি এবং রপ্তানির ক্ষেত্রে ভাড়া যৌক্তিকীকরণ এবং কৃষিপণ্য পরিবহণের জন্য বিশেষ পরিবহণ চালুর উদ্যোগ গ্রহণ;
- পঁচনশীল পণ্য হিসেবে তাজা শাকসবজি, ফলমূল ও ফুল এর সজিবতা অক্ষুন্ন রাখার নিমিত্ত স্থল, নৌ ও বিমান বন্দর এলাকায় সংরক্ষণ ব্যবস্থার উন্নয়ন;

- কৃষিপণ্যের রপ্তানি বৃদ্ধিতে প্রক্রিয়াজাতকরণ অঞ্চল গঠন, প্যাকহাউস সুবিধা বৃদ্ধিসহ অন্যান্য অবকাঠামোগত উন্নয়ন;
- কৃষিপণ্যের আন্তর্জাতিক বাজার সম্প্রসারণ ও রপ্তানি বৃদ্ধিতে প্রয়োজনের নিরিখে রোডম্যাপ প্রণয়ন, তদনুযায়ী কার্যক্রম গ্রহণ এবং বাস্তবায়ন।
- ওয়েবসাইট: www.dam.gov.bd

**রপ্তানি উন্নয়ন ব্যুরো (EPB):**

- রপ্তানিকারকদের পণ্য বাজারজাতকরণ সহজতর করার জন্য বিদেশে অনুষ্ঠিত বিভিন্ন আন্তর্জাতিক বাণিজ্য মেলায় অংশগ্রহণের সুবিধাসহ দেশে ও বিদেশে প্রয়োজনীয় প্রচারণার ব্যবস্থা গ্রহণ;
- ব্যবসা সংক্রান্ত সুযোগ সুবিধা অনুসন্ধানের জন্য বিদেশে বাণিজ্য মিশনে অংশগ্রহণের সুযোগ সৃষ্টি;
- রপ্তানির বিপরীতে সংশ্লিষ্ট আমদানিকারক দেশ কর্তৃক প্রদত্ত সুযোগ সুবিধার তথ্য প্রদান;
- পণ্য পরিবহণে অভ্যন্তরীণ ও বৈদেশিক প্রতিবন্ধকতা দূরীকরণে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ;
- বিদেশের বাজারে রপ্তানি পণ্যের প্রতিযোগিতামূলক মূল্য সংগ্রহপূর্বক সরবরাহকরণ;
- পণ্যের জন্য বিদেশের বাজার অনুসন্ধান ও অনুসন্ধানের ফলাফল জানানো;
- বিদেশে অনুষ্ঠিত আন্তর্জাতিক বাণিজ্য মেলায় কার্যকরভাবে অংশগ্রহণের ক্ষেত্রে ব্যুরোর ওয়েবসাইটে বর্ণিত নির্দেশনা অনুসরণ;
- উৎপাদন সমস্যা সমাধানকল্পে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট প্রয়োজনীয় সুপারিশকরণ;
- রপ্তানি নীতিতে প্রদত্ত বিভিন্ন সুযোগ সুবিধা সম্পর্কে রপ্তানিকারককে অবহিতকরণ;
- রপ্তানিকারক ও আমদানিকারকের মধ্যে সৃষ্ট বাণিজ্য বিরোধ নিস্পত্তিকরণ; পণ্য বহুমুখীকরণের লক্ষ্যে সংশ্লিষ্ট স্টেকহোল্ডারদের সমন্বয়ে সভা/সেমিনার আয়োজন, বিদ্যমান সমস্যা চিহ্নিতকরণ এবং প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য সংশ্লিষ্ট দপ্তর/সংস্থায় সুপারিশমালা প্রেরণ;
- রপ্তানিমুখী পণ্যের উন্নয়ন, বাজারজাতকরণ এবং রপ্তানি সংশ্লিষ্ট সেবা ত্বরান্বিতকরণার্থে বিবিধ গবেষণামূলক কার্যক্রম পরিচালনা;
- রপ্তানিকারকদের মধ্যে প্রতিযোগিতার আগ্রহ তৈরি এবং রপ্তানি ঝুড়িতে নতুন নতুন পণ্য সংযোজনের উদ্দেশ্যে কৃতি রপ্তানিকারকদের সম্মাননা স্বরূপ জাতীয় রপ্তানি ট্রফি এবং সিআইপি (রপ্তানি) কার্ড প্রদান; বিভিন্ন দেশের ট্রেড প্রমোশন অর্গানাইজেশন (TPO) সমূহের সাথে যোগাযোগের মাধ্যমে বাণিজ্য সম্পর্ক সুসংহত রাখা এবং গুরুত্বপূর্ণ চেম্বার ও এসোসিয়েশনের প্রতিনিধি ও আমদানিকারক প্রতিষ্ঠানের বাংলাদেশ সফরকালে রপ্তানিকারক প্রতিষ্ঠানের সাথে সভা আয়োজনের মাধ্যমে পারস্পারিক ব্যবসার সুযোগ সৃষ্টি করা;
- বিদেশে অবস্থিত বাংলাদেশের বাণিজ্যিক উইং হতে প্রাপ্ত সংশ্লিষ্ট দেশের বাজার তথ্য সংক্রান্ত market intelligence report এবং সম্ভাব্য বিদেশী ক্রেতা/উৎসাহী ক্রেতাদের তালিকা সরবরাহ করা; এবং
- আন্তর্জাতিক বাণিজ্যের হালনাগাদ তথ্য ব্যুরোর জাতীয় রপ্তানি প্রশিক্ষণ কর্মসূচি (NETP) এর আওতায় সেমিনার/ওয়ার্কশপ আয়োজনের মাধ্যমে রপ্তানির কলা-কৌশল সম্পর্কিত বিষয়ে রপ্তানিকারকগণকে প্রশিক্ষণ প্রদান।
- ওয়েবসাইট: www.epb.gov.bd

## হর্টেক্স ফাউন্ডেশন (Hortex Foundation):

- বাজার জ্ঞান/বুদ্ধিমত্তা এবং ব্যবসা পরিকল্পনা প্রণয়নে রপ্তানিকারক ও উদ্যোক্তাদের সহায়তা করা।
- রপ্তানি বৃদ্ধির লক্ষ্যে কৃষক, রপ্তানিকারকসহ অন্যান্য অংশিজনদের মধ্যে সংযোগ সৃষ্টি করা।
- রপ্তানি বৃদ্ধির লক্ষ্যে শীতাতপ নিয়ন্ত্রিত পরিবহন সেবা প্রদান করা।
- অংশিজনদের প্রযুক্তি ব্যবহারের মাধ্যমে কৃষি বাণিজ্যকে টেকসই করতে সহযোগিতা করা।
- চুক্তিবদ্ধ চাষাবাদের মাধ্যমে নিরাপদ ফসল উৎপাদন করা এবং খামার তথ্যাদি সংরক্ষণে কৃষক, রপ্তানিকারক ও কৃষি ব্যবসায়িকে সহায়তা করা।
- ফসলের সংগ্রহোত্তর ব্যবস্থাপনার মাধ্যমে গুণগত মানসম্পন্ন সবজি ও ফল দেশে ও বিদেশে বিপণনের সুযোগ সৃষ্টি করা।
- সংগ্রহোত্তর অপচয় রোধ করতে কৃষক ও সরবরাহ শৃঙ্খলের অংশিজনদের প্রশিক্ষণ ও সহায়তা করা।
- নতুন ধারণা এবং সময়োপযোগী রপ্তানিমুখী কৃষি গবেষণা গ্রহণে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানকে সহায়তা করা।
- কৃষি বাজার বিশ্লেষণ, বিভিন্ন উপাত্ত সংগ্রহ ও সমীক্ষা করে কৃষি বাজার উন্নয়নে সহায়তা করা। কর্মশালা, সেমিনারের মাধ্যমে বিশেষায়িত জ্ঞান আহরণ ও প্রয়োগে সংশ্লিষ্ট অংশিজনকে উদ্বুদ্ধ করা।
- তাজা শাক-সবজি, ফলমূল, আলু, হিমায়িত এবং প্রক্রিয়াজাতকৃত কৃষিপণ্যের রপ্তানি বৃদ্ধির লক্ষ্যে কৃষক রপ্তানিকারকসহ অন্যান্য অংশিজনদের দক্ষতা উন্নয়ন করা।
- ওয়েবসাইট: https://hortex.portal.gov.bd

## বাংলাদেশ এগ্রো প্রসেসর এসোসিয়েশন (BAPA):

- প্রক্রিয়াজাতকৃত কৃষিপণ্যের রপ্তানিকারকদের আন্তর্জাতিক বাজার, নতুন প্রযুক্তি, মানের নিশ্চয়তা, বিপণন ইত্যাদি বিষয়ে তথ্য ও পরামর্শ প্রদান করে;
- রপ্তানিকারকদের স্বার্থ রক্ষা করে এবং সরকারের সাথে যোগাযোগ করে তাদের সমস্যা সমাধানে সহায়তা করে;
- রপ্তানিকারকদের জন্য বিভিন্ন ধরনের প্রশিক্ষণ কর্মসূচি আয়োজন করে, যাতে তারা আধুনিক প্রযুক্তি ও ব্যবস্থাপনা পদ্ধতি সম্পর্কে জ্ঞান অর্জন করতে পারে;
- বাংলাদেশের কৃষি পণ্যের বৈশ্বিক বাজারে প্রচারণা চালায় এবং বিদেশি ক্রেতাদের সাথে যোগাযোগ স্থাপনে সহায়তা করে;
- বিভিন্ন দেশে কৃষি-প্রক্রিয়াজাত পণ্য **রপ্তানি** করার জন্য সদস্যদেরকে উৎসাহিত করে এবং সহায়তা করে;
- কৃষি প্রক্রিয়াকরণ শিল্পের উন্নয়নের জন্য গবেষণা, প্রশিক্ষণ এবং তথ্য প্রদান করে;
- সদস্যদের উৎপাদিত পণ্যের মান নিশ্চিত করার জন্য কাজ করে, যাতে আন্তর্জাতিক বাজারে প্রতিযোগিতামূলক হতে পারে;
- সদস্যদেরকে বিভিন্ন দেশের বাজার সম্পর্কে তথ্য প্রদান করে এবং নতুন বাজার খুঁজে পেতে সহযোগিতা করে;
- জাতীয় ও আন্তর্জাতিক সংস্থার সাথে যোগাযোগ করে বাংলাদেশের কৃষি-প্রক্রিয়াজাত পণ্যের বাজার প্রসারে কাজ করে।
- ওয়েবসাইট: www.https://bapabd.org

**বাংলাদেশ ব্যাংক (BB):**

- রপ্তানির জন্য ঋণ সুবিধা, রপ্তানি ঋণ ও প্রণোদনা প্রদান করে।
- রপ্তানিকারকদের জন্য বৈদেশিক মুদ্রার লেনদেন সহজতর করে।
- ওয়েবসাইট: www.bb.org.bd

**বাংলাদেশ বাণিজ্যিক ব্যাংক (BSCIC):**

- রপ্তানির জন্য স্বল্প সুদে ঋণ প্রদান;
- ব্যবসায়ীদের জন্য রপ্তানির বিষয়ে বিভিন্ন প্রশিক্ষণ ও পরামর্শ প্রদান করে;
- ওয়েবসাইট: www.bscic.gov.bd

**বাংলাদেশ চেম্বার অফ কমার্স এন্ড ইন্ডাস্ট্রি (FBCCI):**

- ব্যবসায়ীদের জন্য সেমিনার, ওয়ার্কশপ এবং আন্তর্জাতিক মেলা আয়োজন করে, যাতে তারা রপ্তানি বিষয়ে সচেতন হয় এবং আন্তর্জাতিক বাজারে তাদের পণ্যের প্রচার করতে পারে।
- ওয়েবসাইট: www.fbcci.org

**কৃষি সম্প্রসারণ অধিদপ্তর (DAE):**

- DAE কৃষকদের রপ্তানির উপযোগী পণ্য উৎপাদন এবং বাজারে পৌঁছানোর কৌশল শিখানোর জন্য প্রশিক্ষণ ও নির্দেশনা প্রদান করে;
- কৃষিপণ্য রপ্তানির জন্য ফাইটোস্যানিটারি সনদ প্রদান করে।
- ওয়েবসাইট: www.dae.gov.bd

**বাংলাদেশ রপ্তানি উন্নয়ন ব্যুরো (EPB):**

- রপ্তানির সম্ভাবনাময় কৃষিপণ্য, হস্তশিল্প, পোশাকসহ বিভিন্ন পণ্যের তথ্য সরবরাহ;
- দেশের রপ্তানিকারকদের জন্য বিদেশি বাজার বিশ্লেষণ ও চাহিদা সম্পর্কে পরামর্শ প্রদান;
- নির্দিষ্ট কৃষিপণ্যের বাজার, প্রবণতা ও সনদের প্রয়োজনীয়তা সম্পর্কে বিস্তারিত দিকনির্দেশনা প্রদান;
- বিভিন্ন বাণিজ্য মেলায় অংশগ্রহণের সুযোগ এবং সহযোগিতা প্রদান।
- ওয়েবসাইট: www.epb.gov.bd

৬

## বাংলাদেশ স্ট্যান্ডার্ডস অ্যান্ড টেস্টিং ইনস্টিটিউট (BSTI):

- রপ্তানি পণ্যের গুণগত মান নির্ধারণ ও পরীক্ষণ সেবা প্রদান;
- প্রাসঙ্গিক সনদ যেমন: CoC (Certificate of Conformity), HACCP, ISO ইত্যাদি প্রদান;
- স্ট্যান্ডার্ড প্রণয়ন ও শিল্পপ্রতিষ্ঠানকে মান সংক্রান্ত নির্দেশনা প্রদান।
- ওয়েবসাইট: www.bsti.gov.bd

## Food and Agriculture Organization (FAO):

- কৃষিপণ্যের আন্তর্জাতিক চাহিদা ও সরবরাহ পরিস্থিতি বিশ্লেষণ;
- বিভিন্ন দেশের কৃষিনীতির বিশ্লেষণ;
- নিরাপদ খাদ্য ও মান নিয়ন্ত্রণে সহায়তা প্রদান।
- ওয়েবসাইট: www.fao.org

## International Trade Centre (ITC):

- রপ্তানিকারকদের জন্য ট্রেড ম্যাপ, বাজার প্রবণতা এবং সার্টিফিকেশন গাইডলাইন;
- বিভিন্ন দেশের আমদানি বাধ্যবাধকতা ও প্রবেশাধিকার তথ্য প্রদান;
- এসএমই রপ্তানিকারকদের জন্য প্রশিক্ষণ ও টুলকিট সরবরাহ।
- ওয়েবসাইট: www.intracen.org

## World Trade Organization (WTO):

- সদস্য রাষ্ট্রগুলোর রপ্তানি-আমদানি নীতির ওপর নজরদারি;
- শুল্ক হার, ট্রেড ব্যারিয়ার এবং আন্তর্জাতিক বিধিমালা সম্পর্কে তথ্য;
- কৃষিপণ্য রপ্তানিতে SPS (Sanitary and Phytosanitary) ও TBT (Technical Barriers to Trade) সংক্রান্ত নীতিমালা।
- ওয়েবসাইট: www. wto.org

## Trade Map:

- বিভিন্ন দেশের পণ্যের রপ্তানি-আমদানি পরিসংখ্যান ও বিশ্লেষণ;
- বাজার চাহিদা ও প্রতিযোগিতামূলক পরিস্থিতি পর্যালোচনা;
- পণ্যের HS Code অনুযায়ী বিশ্লেষণ।
- ওয়েবসাইট: www.trademap.org

## Export Genius:

- আন্তর্জাতিক বাজারে রপ্তানি ও আমদানির পরিসংখ্যানমূলক তথ্য প্রদান;
- ইন্ডাস্ট্রি অনুযায়ী বাজার বিশ্লেষণ ও রিপোর্ট;
- দেশভিত্তিক ট্রেড ডেটা সংগ্রহ ও তুলনামূলক বিশ্লেষণ।
- ওয়েবসাইট: www. exportgenius.in

## UN Comtrade:

- জাতিসংঘের বৈশ্বিক বাণিজ্য পরিসংখ্যান ডাটাবেস;
- কৃষিপণ্যসহ সকল ধরণের পণ্যের রপ্তানি ও আমদানি বিশ্লেষণ;
- আন্তর্জাতিক ট্রেড প্রবণতা ও পলিসি রিভিউ।
- **ওয়েবসাইট:** www. comtrade.un.org

## Federation of Bangladesh Chambers of Commerce and Industry (FBCCI):

- দেশের ব্যবসায়ী সংগঠন ও চেম্বারগুলোর মধ্যে সমন্বয়;
- রপ্তানিকারকদের প্রয়োজনীয় সনদ, প্রশিক্ষণ ও পরামর্শ প্রদান;
- নীতিমালা প্রণয়নে সরকারের সঙ্গে সমন্বয় রক্ষা।
- **ওয়েবসাইট:** (www.fbcci-bd.org)

## কৃষি সম্প্রসারণ অধিদপ্তর (DAE):

- DAE এর Plant Quarantine Wing (PQW) রপ্তানিযোগ্য কৃষিপণ্যের জন্য **ফাইটোস্যানিটারি সার্টিফিকেট (Phytosanitary Certificate)** প্রদান;
- রপ্তানির জন্য গুণগত মান পরীক্ষণ ও প্রয়োজনীয় শারীরিক ও রাসায়নিক পরীক্ষার ব্যবস্থা;
- আন্তর্জাতিক মানদন্ড অনুযায়ী কোয়ারেন্টাইন ব্যবস্থা এবং প্যাকিং নির্দেশনা প্রদান।
- **ওয়েবসাইট:** www.pqw.gov.bd

## বাংলাদেশ কোল্ড স্টোরেজ অ্যাসোসিয়েশন (BCSA):

- কৃষিপণ্য (যেমন আলু, ফলমূল) সংরক্ষণের জন্য শীততাপ নিয়ন্ত্রিত আধুনিক সুবিধা;
- পণ্য নষ্ট হওয়া রোধ করে রপ্তানির জন্য মান বজায় রাখা;
- বিদ্যুৎ ও সংরক্ষণের খরচ সংক্রান্ত সমস্যা সমাধানে সরকারের সঙ্গে আলোচনায় ভূমিকা;
- রপ্তানির জন্য প্রয়োজনীয় 'কোল্ড চেইন ব্যবস্থাপনা' বিষয়ে পরামর্শ ও সহযোগিতা;
- ঠিকানা:
  - BCSA ভবন, ৩৮, পুরানা পল্টন, ঢাকা-১০০০, বাংলাদেশ
  - ফোন: +৮৮-০২-৯৫৬২৯৩২, +৮৮-০২-৯৫৫৫২৫২
  - ইমেইল: bcsa38@gmail.com

## বাংলাদেশ পান রপ্তানিকারক সমিত (BBLEA):

- পান রপ্তানির মান নিয়ন্ত্রণ ও বাজার চাহিদা বিশ্লেষণ;
- রপ্তানির শুল্ক, কাস্টমস, এবং অনুমোদন সংক্রান্ত জটিলতায় সহায়তা;
- বিদেশি বাজারে পান পৌঁছানোর জন্য গাইডলাইন ও প্রশিক্ষণ;
- রপ্তানিকারকদের জন্য ট্রেড মিশন ও মেলা অংশগ্রহণের সুযোগ সৃষ্টি;
- ঠিকানা: হাবিব প্লাজা ৩য় তলা, ৫০ গুলশান সাউথ অ্যাভিনিউ, সার্কেল ১, গুলশান, ঢাকা।

## বাংলাদেশ আলু রপ্তানিকারক সমিতি (BPEA):

- আলুর আন্তর্জাতিক বাজার বিশ্লেষণ ও রপ্তানির পরামর্শ প্রদান;
- রপ্তানির জন্য প্রয়োজনীয় সনদ (ফাইটোস্যানিটারি, কোয়ালিটি সার্টিফিকেট ইত্যাদি) পেতে সহায়তা;
- বিদেশি ক্রেতাদের সঙ্গে যোগাযোগে সহায়তা ও প্ল্যাটফর্ম তৈরি;
- ঠিকানা:
  - ৬৭, পুরানা পল্টন লাইন, ঢাকা-১০০০, বাংলাদেশ।
  - ফোন:+৮৮-০২-৯৩৩৮৫৬২, +৮৮-০২- ৮৩৩২৬৯৮
  - ইমেইল: bpea.bd@gmail.com

## Bangladesh Fruits, Vegetables & Allied Products Exporters' Association (BFVAPEA):

- সংগঠনটি রপ্তানি পণ্যের মান নিয়ন্ত্রণ ও রপ্তানিতে শৃঙ্খলা আনার জন্য কাজ করে। এতে গুণগতমান বজায় থাকে এবং ক্রেতাদের আস্থা বৃদ্ধি পায়;
- নতুন নতুন আন্তর্জাতিক বাজার অনুসন্ধান করে এবং কৃষিপণ্যের বৈচিত্র্য আনার জন্য কাজ করে, যাতে বাংলাদেশী পণ্যের পরিধি বাড়ে;
- হর্টিকালচারাল পণ্য রপ্তানির মাধ্যমে গ্রামীণ এলাকায় কর্মসংস্থান ও আয় বৃদ্ধিতে সহায়তা করে যা, জাতীয় অর্থনীতিতে অবদান রাখে;
- সংগঠনটি রপ্তানিকারকদের স্বার্থ রক্ষা করে এবং তাদের নতুন বিনিয়োগ ও ব্যবসা সম্প্রসারণে সহায়তা করে;
- বিভিন্ন পরিবহন পদ্ধতির মাধ্যমে রপ্তানিকারকদের সহযোগিতা করে যাতে সময়মতো ও নিরাপদে পণ্য পৌঁছানো যায়;
- প্রতিযোগী দেশের চেয়ে ভাল মানের পণ্য সরবরাহের মাধ্যমে বিশ্ববাজারে প্রতিযোগিতা করে।

এছাড়াও সরকার বিভিন্ন সময়ে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের মাধ্যমে বিভিন্ন ধরণের প্রণোদনা যেমন- শুল্ক ছাড়, রপ্তানি ভ্যাট ফেরত, ভর্তুকি ইত্যাদি প্রদান করে থাকে।

তথ্যসূত্রঃ সংগৃহীত।

১৪.০৫.২০২৫

উম্মে কুলসুম ফেরদৌসী
উপপরিচালক (রপ্তানী উন্নয়ন)
কৃষি বিপণন অধিদপ্তর